

# বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম

শ্রেণি: দ্বাদশ

শিক্ষাবর্ষ: ২০২০-২০২১

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

ব্যবহারিক খাতা তৈরির প্রয়োজনীয় নির্দেশনাবলি

সিলেবাস

ক্রমিক নং	অধ্যায়ের নাম	ব্যবহারিক
১	ওয়েব ডিজাইন পরিচিতি এবং HTML	এইচটিএমএল ব্যবহার করে ওয়েবপেইজ ডিজাইন এবং ওয়েবসাইট পাবলিশিং।
২	সি প্রোগ্রামিং ভাষা	প্রোগ্রামের সংগঠন প্রদর্শন, প্রোগ্রামের অ্যালগরিদম ও ফ্লোচার্ট প্রস্তুত এবং সি প্রোগ্রামিং ভাষা ব্যবহার করে প্রোগ্রাম প্রস্তুতকরণ।

নম্বর বিভাজন

বিষয়	পূর্ণমান	প্রশ্নের নম্বর বিভাজন
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	২৫	ব্যবহারিক: একটি কার্যক্রম সম্পন্ন করবে ➤ যন্ত্রপাতির ব্যবহার: ০৫ নম্বর ➤ ফলাফল উপস্থাপন: ১২ নম্বর ➤ মৌখিক অভীক্ষা: ০৫ নম্বর ➤ নোটবুক: ০৩ নম্বর

## নোটবুক (প্র্যাকটিক্যাল খাতা) লেখার নিয়ম

একাদশ ও দ্বাদশ শ্রেণিতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়টি বাধ্যতামূলক। তত্ত্বীয় জ্ঞানের পাশাপাশি ব্যবহারিক জ্ঞানেও দক্ষতা অর্জন করার লক্ষ্যে এ বিষয়ে ব্যবহারিক রাখা হয়েছে। নোটবুক অর্থাৎ ব্যবহারিক খাতার জন্য ৩(তিন) নম্বর বরাদ্দ করা হয়েছে। শিক্ষার্থীদের মনে রাখতে হবে এখানে খাতার জন্য এ ৩(তিন) নম্বর বাকি ১৭(সতের) নম্বরের সাথে জড়িত। সুন্দরভাবে নোটবুক লেখা বাকি ১৭(সতের) নম্বর পাওয়ার বিষয়টি নিশ্চিত করবে। এজন্য নিয়মিত ক্লাসে উপস্থিত থাকা এবং প্রতিটি পরীক্ষণ ভালোভাবে রপ্ত করা প্রয়োজন। ক্লাসে শেষ করা পরীক্ষণটি যথাযথভাবে নোটবুকে লিখে পরের ক্লাসে শিক্ষক মহোদয়ের কাছে উপস্থাপন করতে হবে। নোটবুক লেখার সময় যে বিষয়গুলোর প্রতি লক্ষ্য রাখতে হবে তা হলো:

❖ প্রতিটি পরীক্ষণের তারিখ ও পরীক্ষণ নম্বর লিখতে হবে।

- ❖ প্রতিটি পরীক্ষণের নাম লিখতে হবে।
- ❖ প্রতিটি পরীক্ষণের জন্য ধারাবাহিকভাবে নিম্নোক্ত বিষয়গুলো লিখতে হবেঃ
  - তত্ত্ব
  - যন্ত্রপাতি
  - যন্ত্রপাতির ব্যবহার
  - প্রক্রিয়া অনুসরণ
  - ব্যাখ্যা
  - ফলাফল এবং
  - সতর্কতা
- ❖ প্রতিটি পরীক্ষণের ক্ষেত্রে প্রয়োজনে নোটবুকের বামদিকের পৃষ্ঠায় প্রয়োজনীয় ছক , ফ্লোচার্ট, চিত্র ইত্যাদি আঁকতে হবে অথবা প্রিন্ট করে লাগিয়ে দিতে হবে।
- ❖ প্রতিটি পরীক্ষণে শিক্ষক মহোদয়ের স্বাক্ষর নিতে হবে।
- ❖ নোটবুকের ইনডেক্স (সূচি) পৃষ্ঠায় তারিখ অনুযায়ী প্রতিটি পরীক্ষণের ক্রমিক নং , পরীক্ষণের নাম এবং পৃষ্ঠা নম্বর উল্লেখ করতে হবে। শিক্ষক মহোদয়ের স্বাক্ষরসহ এ নোটবুক যত্নসহকারে সংরক্ষণ করতে হবে। ব্যবহারিক পরীক্ষার সময় এ নোটবুকটি চূড়ান্ত মূল্যায়নের জন্য সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রে জমা দিতে হবে।

বি.দ্র. প্রতিটি অধ্যায় থেকে কমপক্ষে ৪ টি পরীক্ষণ নোটবুকে লিখতে হবে।